



ফ্যামিলি কার্ডে সহায়তা পেলেন ৩৭ হাজারের বেশি নারী প্রধান: প্রধানমন্ত্রী



সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের প্রান্তিক ও নিম্ন আয়ের নারীদের আর্থিক সুরক্ষা জোরদার করতে ‘ফ্যামিলি কার্ড’ কর্মসূচির আওতায় ৩৭ হাজার ৮১৪টি পরিবারের নারী প্রধানকে মাসিক ২ হাজার ৫০০ টাকা করে সহায়তা দেওয়া হয়েছে।

বুধবার (২৯ এপ্রিল) সংসদে এক প্রশ্নের উত্তরে এ তথ্য জানান প্রধানমন্ত্রী তারেক রহমান।

তিনি বলেন, বর্তমানে ১৩টি জেলা ও তিনটি সিটি কর্পোরেশনে এই কর্মসূচি চালু রয়েছে। এর মাধ্যমে নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার পাশাপাশি পরিবারভিত্তিক নিরাপত্তা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী আরও জানান, নারীর ক্ষমতায়ন বাড়াতে শুধু নগদ সহায়তাই নয়, এর সঙ্গে প্রশিক্ষণ ও জীবিকা উন্নয়ন কার্যক্রম যুক্ত করা হচ্ছে। শহর ও গ্রামভিত্তিক আলাদা উন্নয়ন মডেল সম্প্রসারণের পরিকল্পনাও সরকারের রয়েছে। পাশাপাশি নারী উদ্যোক্তা তৈরি এবং তাদের বাজার সংযোগ আরও শক্তিশালী করার দিকেও জোর দেওয়া হচ্ছে।

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সরকারের বিভিন্ন উদ্যোগের কথাও তিনি তুলে ধরেন। এর মধ্যে রয়েছে বিশেষ হেল্পলাইন, ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টার, ফরেনসিক ডিএনএ ল্যাব, ট্রমা কাউন্সেলিং সেবা এবং ঝুঁকিপূর্ণ নারী ও শিশুদের জন্য নিরাপদ আবাসনের ব্যবস্থা।

এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচি ধাপে ধাপে আরও বিস্তৃত করার পরিকল্পনার কথাও জানান তিনি। ভবিষ্যতে এই কর্মসূচিতে আর্থিক সুবিধা বৃদ্ধি, উপকারভোগীর সংখ্যা বাড়ানো এবং প্রসবপূর্ব ও পরবর্তী স্বাস্থ্যসেবা, টিকাদান ও নিরাপদ প্রাতিষ্ঠানিক প্রসবকে আরও শক্তভাবে যুক্ত করার উদ্যোগ নেওয়া হচ্ছে।